



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং : ৯৫৬০৫৬৩
৮৭১১০৬৭৭
ই-মেইল :
dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন সার্কুলার লেটার নং- ০২/২০১৮

তারিখ : ১৮-০৭-২০১৮

মহাব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক,
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা;

উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক
কাওরানবাজার/ বনানী/ নারায়নগঞ্জ/ আশ্রাবাদ/ চট্টগ্রাম/ সিলেট/ খুলনা কর্পোরেট শাখা;
ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক
চকবাজার শাখা/ মৌলভীবাজার/ চাঁদপুর/ শার্শা শাখা/ কুষ্টিয়া শাখা/ হালুয়াঘাট শাখা/ নালিতাবাড়ি শাখা।

বিষয় : শাখা কর্তৃক আমদানী রপ্তানী কার্যক্রম পরিচালনায় GFET-2018 এর নির্দেশনা মোতাবেক Credit Report সংগ্রহ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের পত্র নং আঃবিঃ১(৯৭)/২০১৩-২০১৪/২৩ তারিখ ০২-০৭-২০১৩ এবং বাংলাদেশ ব্যাংকের Guidelines for Foreign Exchange Transactions, 2018 Volume 1 (GFET-2018) এর Section-II, CH 7, Page 36 এবং Section-II, CH 8, Page 52 এর নির্দেশনার আলোকে শাখা কর্তৃক আমদানী রপ্তানী কার্যক্রম পরিচালনায় সরবরাহকারীর / বৈদেশিক ক্রেতার ক্রেডিট রিপোর্ট সংগ্রহের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল AD শাখাকে পুনরায় নিম্নোক্ত নির্দেশনা দেয়া হলো।

০২। (ক) আমদানীর ক্ষেত্রেঃ

প্রোফরমা ইনভয়েস এর বিপরীতে মাঃডঃ ১০০০০.০০ এর উর্ধ্বে (ইনভয়েন্টের ক্ষেত্রে মাঃডঃ ২০০০০.০০ এর উর্ধ্বে) বৈদেশিক গ্রাহক প্রতিষ্ঠানের অনুকূল যেকোন মূল্যের এলসি স্থাপনের পূর্বেই প্রধান কার্যালয়ের মাধ্যমে বৈদেশিক সরবরাহকারীর Credit Report সংগ্রহ পূর্বক সন্তোষজনক Credit Report প্রাপ্তি সাপেক্ষে এলসি স্থাপন করতে হবে। আমদানীকারক কর্তৃক সংগৃহীত কোন রিপোর্ট গ্রহণযোগ্য হবেনা।

(খ) রপ্তানীর ক্ষেত্রেঃ

রপ্তানী এলসি/ চুক্তিপত্র প্রাপ্তির পরপরই এলসি/ চুক্তিপত্রের সংশ্লিষ্ট বৈদেশিক আমদানীকারকের Credit Report সংগ্রহপূর্বক সন্তোষজনক মর্মে নিশ্চিত হয়ে রপ্তানী অর্থায়ন (ব্যাক টু ব্যাক এলসি স্থাপন/প্যাকিং ক্রেডিট/রপ্তানী ঋণ / ইএক্সপি সার্টিফাই/বিল ক্রয়/প্রক্রিয়াকরন) করতে হবে। প্রয়োজনে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান অপরিচিত/নতুন/অখ্যাত হলে এলসি ইস্যুকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও এয়াকসেপটেন্স প্রদানকারী ব্যাংকের Credit Report / BANKERS Almanac হতে সংগৃহীত তথ্যের আলোকে প্রতিষ্ঠানটির গ্রহণযোগ্যতা ও Credentials সম্পর্কে নিশ্চিত হতে হবে।

০৩। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে বৃহদাংকের এলসি স্থাপন কিংবা রপ্তানী কার্যক্রম পরিচালনার পূর্বে Credit Report সংগ্রহ ব্যতীতই বৈদেশিক বাণিজ্য কার্যক্রম পরিচালনা করা হচ্ছে যা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘন ও ব্যাংকের জন্য আর্থিক ঝুঁকির কারণ হতে পারে।

০৪। এমতাবস্থায়, যেকোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা পরিহারের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য শাখাসমূহকে কঠোরভাবে সতর্ক করা হলো। উল্লেখ্য, শাখা কর্তৃক সংগৃহীত Credit Report (হার্ডকপি/সফট কপি) সংরক্ষণ করতে হবে, কোন অসংগতি পরিলক্ষিত না হলে সংগৃহীত ক্রেডিট রিপোর্টের মেয়াদ সর্বোচ্চ ১২ মাস কার্যকর থাকবে।

অনুমোদনক্রমে,

আপনাদের বিশ্বস্ত,

মোঃ শহিদুল ইসলাম

মহাব্যবস্থাপক(পরিকল্পনা ও পরিচালন)

প্রকা/ আঃবিঃ ০১(৪১)/২০১৮-২০১৯/১১৮(৭৬)

(ক) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(খ) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

(গ) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

(ঘ) সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

(ঙ) উপ-মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ -২ (বৈদেশিক বাণিজ্য নিরীক্ষা সেল) / আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আহছান আল রশীদ
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে